



বিআইডব্লিউটিসি

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন

(অভ্যন্তরীণ জাহাজ চলাচল প্রতিষ্ঠান)

ফেয়ারলী হাউজ, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-১০০০

Website: www.biwtc.gov.bd




স্মারক নং-১৮.১৫১.০২৭.০৩.০১.৩৩৭.২০১৪-১৫৫

তারিখ: ০১/০৬/২০২১ খ্রি.

বিষয়: ফেরীতে নিরাপত্তার বিষয়ে জনৈক জনাব ওবায়দুল্লাহিল মামুন নামক এক ব্যক্তির অভিযোগ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৪/১১/২০১৯ খ্রি. তারিখ জনৈক জনাব ওবায়দুল্লাহিল মামুন নামক একজন যাত্রী পাটুরিয়া হতে দৌলতদিয়াগামী কোন এক ফেরীতে আরোহন করেন। তিনি জলযানের ব্রীজ ডেকে সারি সারি চেয়ার বসানো দেখে খুশী হন এবং জলযানে নামাজ পড়ার ব্যবস্থা দেখে সন্তোষ প্রকাশ করেন। কিন্তু ব্রীজ ডেকে চারদিকে রেলিং এর বেটনী খুবই হালকা এবং পানির নিকটে হওয়ায় অভিযোগকারীর নিকট ঝুঁকিপূর্ণ মনে হয়। কিন্তু তিনি কোন ফেরীতে কোন তারিখে কতটার সময় অনবোর্ড হয়েছিলেন তা উল্লেখ না করায় বিষয়টি চিহ্নিত করা সম্ভব হয়নি। কেননা সংস্থার সকল রো রো ফেরীর ব্রীজ ডেক এবং চতুর্দিকে শক্ত লোহার রেলিং এর মাধ্যমে বেটনী দেয়া থাকে যা কোন ভাবেই ঝুঁকিপূর্ণ নহে। তাই উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি। তাই অভিযোগকারীর অভিযোগটি মীমাংসিত বলে গণ্য করা হয়েছে।

বিষয়টি সংস্থার ওয়েবসাইটে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মানিসুরা আহমেদ)

চীফ পার্সোনেল ম্যানেজার
বিআইডব্লিউটিসি

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা


✓ সিস্টেম এনালিস্ট

বিআইডব্লিউটিসি

ঢাকা।

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। পরিচালক (প্রশাসন/কমার্স), বিআইডব্লিউটিসি, ঢাকা।
- ২। জিএম (কমার্স), বিআইডব্লিউটিসি, ঢাকা।
- ৩। চেয়ারম্যানের একান্ত সচিব, বিআইডব্লিউটিসি, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। দপ্তর লিপি।


চীফ পার্সোনেল ম্যানেজার
বিআইডব্লিউটিসি

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা